

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৬৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. দ্বিতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফযীলত

## আরবী

وَعَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَرْبَعٌ قَبْلَ الظُّهْرِ لَيْسَ فِيهِنَّ تَسْلِيمٌ تُفَتَّحُ لَهُنَّ أَبْوَابُ السَّمَاء» . رَوَاهُ أَبُو دَاؤد وَابْن مَاجَه

#### বাংলা

১১৬৮-[১০] আবূ আইয়ূব আল আনসারী (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ যুহরের (ফরয) সালাতের পূর্বের চার রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ), যার মাঝে সালাম ফিরানো হয় না, সালাতের জন্যে (তা আদায়কারীর জন্যে) আসমানের দরজা খুলে দেয়া হয়। (আবূ দাউদ, ইবনু মাজাহ)[1]

# ফুটনোট

[1] হাসান লিগায়রিহী : আবূ দাউদ ১২৭০, সহীহ আত্ তারগীব ৫৮৫, সহীহ আল জামি' ৮৮৫, ইবনু মাজাহ্ ১১৫৮ নং এ মর্মে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কর্ম বর্ণিত হয়েছে।

### ব্যাখ্যা

व्याच्या: (لَيْسَ فِيهِنَّ تَسُلِمٍ) তার মাঝে সালাম নেই। অর্থাৎ চার রাক্'আতের মাঝে কোন সালাম নেই বরং তা এক সালামে আদায় করা হবে। আলী কারী বলেন, এটাই উত্তম। যারা বলেন, দিনের বেলায় চার রাক্'আত সুনাত এক সালামে আদায় করার বিধান এ হাদীসটি তাদের দলীল। তবে এখানে এ কথা বলার ও সুযোগ রয়েছে যে, চার রাক্'আত বিশিষ্ট সুনাত সালাতের মাঝে দু' রাক্'আত আদায় করার পর সালাম ফেরানো ওয়াজিব নয়। কেননা আবু দাউদ ও অন্যান্য গ্রন্থে বর্ণিত হয়েছে যে, দিনের ও রাতের সালাত দুই দুই রাক্'আত করে। ইমাম আবূ হানীফাহ ব্যুতীত অন্যান্য ইমামদের অভিমত এটাই।

ইবনু মাজাহতে বর্ণিত হয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যুহরের পূর্বে সূর্য ঢলে যাবার পরে চার রাক্'আত সালাত আদায় করতেন, সালাম দ্বারা তা পৃথক করতেন না। অর্থাৎ দুই রাক্'আতের পর সালাম



ফিরাতেন না। এটাকে সুন্নাতে যাওয়াল (সূর্য ঢলার সালাত) বলা হয়। তা যুহরের সুন্নাত নয়।

ইমাম ইবনুল কাইয়িয়েম বলেন, এটি একটি পৃথক সালাত (সালাত/নামায/নামাজ) যা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য ঢলার পর আদায় করতেন। এর হিকমাত এই যে, (আল্লাহ অধিক জানেন) দিনের অর্ধভাগে আকাশের দরজা খোলা হয় যেমন অত্র হাদীসে বর্ণিত হয়েছে। আর রাতের অর্ধভাগে মহান আল্লাহ তা'আলা দুনিয়ার আকাশে নেমে আসেন। অতএব এ দু'টি সময় আল্লাহর নৈকট্য লাভের ও তাঁর দয়া অর্জনের সময়।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন